# অধ্যক্ষের কার্যালয়

المدرسة الإسلامية العالية سالندر

সালন্দর ইসলামিয়া কামিল মাদ্‌রাসা, ঠাকুরগাঁও

SALANDAR ISLAMIAH KAMIL MADRASAH, THAKURGAON

Madrasah Code : 15191. EIIN No :129246

Salandar Islamiah kamil Madrasah
P.O & Distt. Thakurgaon.
Mobile : 01757829696
*SIAM*, a Candle of Knowledge, a Kamil Madrasah with three most important Faculties- Tafsir, Hadith and Fiqah, has been established in 1948. *Siam*-a institution to uphold islam
E-mail: skmtkg@gmail.com


স্মারক নং-

তারিখ : ১৬/০৬/২০২৪ খ্রি.

## নোটিশ

এতদ্বারা অত্র সালন্দর ইসলামিয়া কামিল মাদ্‌রাসার ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণিতে পাঠদানকারী শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নতুন কারিকুলামের আওতায় ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণির ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪ এর ক্ষেত্রে এনসিটিবি প্রদত্ত নিম্ন বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের এনসিটিবি প্রদত্ত

১) সিলেবাস অনুসরণ করতে হবে।

২) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন শুরুর আগেই অর্থাৎ ০৩ জুলাই ২০২৪ খ্রি. তারিখের মধ্যে সম্পাদিত সব বিষয়ের শিখন অভিজ্ঞতার পারদর্শিতার নির্দেশকগুলো নৈপুণ্য অ্যাপে ইনপুট দিতে হবে।

৩) বিষয় ভিত্তিক মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত দিনে সর্বোচ্চ পাঁচ ঘণ্টার মধ্যে সম্পন্ন করতে হবে। তবে মূল্যায়ন কার্যক্রমের উপর নির্ভর করে ১টি মধ্যবর্তী বিরতি দেয়া যেতে পারে।

৪) মূল্যায়ন কার্যক্রমে হাতে কলমে কাজের জন্য প্রয়োজনীয় উপকরণ এবং লিখিত অংশের জন্য প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।

৫) সরবরাহ করা মূল্যায়নপত্র থেকে শিক্ষার্থীর নির্দেশনা ও মূল্যায়ন/প্রশ্নপত্র অংশটি ফটোকপি করে সব শিক্ষর্থীকে সরবরাহ করতে হবে।

৬) মূল্যায়ন নির্দেশনা মূল্যায়ন কার্যক্রমের সময়সূচি অনুসারে নির্ধারিত দিনের আগের দিন নৈপুণ্য অ্যাপের প্রতিষ্ঠান ড্যাসবোর্ড ও সংশ্লিষ্ট অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা শেষে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার নির্দেশক (পিআই) নির্দিষ্ট সময়ের মধ্যে নৈপুণ্য অ্যাপে ইনপুট দিতে হবে।

এমতাবস্থায় উপরের সকল নিদের্শনা সঠিকভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/০৬/২৪

অধ্যক্ষ

মোঃ আবুল হাসান
অধ্যক্ষ
সালন্দর ইসলামিয়া কামিল মাদ্‌রাসা
ঠাকুরগাঁও।

**২০২৪ শিক্ষাবর্ষের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য সাধারণ নির্দেশনা:**

১. জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে আগামী ০৩/০৭/২০২৪ থেকে ৩০/০৭/২০২৪ পর্যন্ত ২০২৪ শিক্ষাবর্ষের জন্য ষষ্ঠ থেকে নবম ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হতে যাচ্ছে। মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সময়সূচী এবং বিষয়ভিত্তিক সর্বশেষ কোন অভিজ্ঞতা/অধ্যায় পর্যন্ত ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের আওতায় আসবে তা ইতোমধ্যেই প্রেরণ করা হয়েছে।

২. ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম শুরুর পূর্বেই অর্থাৎ আগামী ০৩/০৭/২০২৪ তারিখের মধ্যে সম্পাদিত সকল বিষয়ের শিখন অভিজ্ঞতার পারদর্শিতার নির্দেশকসমূহ নৈপুণ্য অ্যাপে ইনপুট দিতে হবে।

৩. মূল্যায়ন কার্যক্রম চলাকালীন অর্থাৎ ০৩/০৭/২০২৪ থেকে ৩০/০৭/২০২৪ পর্যন্ত নির্দিষ্ট দিবসে মূল্যায়ন কার্যক্রম ব্যতীত ষষ্ঠ থেকে নবম শ্রেণির কোনো শ্রেণি কার্যক্রম পরিচালনা করা যাবে না।

৪. প্রেরিত সময়সূচি অনুসারে নির্ধারিত দিনে একটি বিষয়েরই মূল্যায়ন অনুষ্ঠিত হবে। অর্থাৎ নির্ধারিত বিষয়ের মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত দিনেই শেষ করতে হবে। পূর্বের ন্যায় কোন শ্রেণির একটি বিষয়ের মূল্যায়ন কার্যক্রম একাধিক দিনে সম্পন্ন করা যাবে না।

৫. বিষয়ভিত্তিক মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত দিনে সর্বোচ্চ পাঁচ ঘন্টার মধ্যে সম্পন্ন করতে হবে। তবে মূল্যায়ন কার্যক্রমের উপর নির্ভর করে একটি মধ্যবর্তী বিরতি দেয়া যেতে পারে।

৬. মূল্যায়ন কার্যক্রমে হাতে-কলমে কাজ এবং কার্যক্রমভিত্তিক লিখিত অংশ উভয় ধরনের কার্যক্রম আছে। হাতে-কলমে কাজের জন্য প্রয়োজনীয় উপকরণ এবং লিখিত অংশের জন্য প্রয়োজনীয় খাতা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করতে হবে।

৭. বিষয়ভিত্তিক মূল্যায়নে উপকরণে বৈচিত্র রয়েছে যা বিস্তারিত মূল্যায়ন নির্দেশিকায় উল্লেখ করা থাকবে। মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক উপকরণ সরবরাহের জন্য সাধারণ নির্দেশনাসমূহ নিম্নরুপ:

| ক্রম | মূল্যায়ন কার্যক্রম | উপকরণের উদাহরণ |
|---|---|---|
| ক | হাতে কলমে কাজ | শিক্ষার্থী সংখ্যা বিবেচনায় পোস্টার তৈরির জন্য সাদা/রঙীন কাগজ, সাইন পেন, কাঁচি, আঠা বা গাম ইত্যাদি |
| খ | লিখিত অংশ | ১৬ পাতার খাতা, প্রয়োজনে অতিরিক্ত পাতা সরবরাহ করতে হবে। |
| গ | মূল্যায়ন পত্র | সরবরাহকৃত মূল্যায়ন পত্র থেকে শিক্ষার্থীর নির্দেশনা ও মূল্যায়ন /প্রশ্নপত্র অংশটি ফটোকপি করে সকল শিক্ষার্থীদের সরবরাহ করতে হবে |

৮. উপকরণ সরবরাহের ক্ষেত্রে মনে রাখতে হবে কোন উপকরণই যেন ব্যয়বহুল না হয়। রিসাইকেল, রিউইজ, আপসাইকেল উপকরণ ব্যবহার করতে হবে।

৯. অভিভাবক বা শিক্ষার্থীকে উপকরণ সরবরাহের জন্য কোনো নির্দেশনা প্রদান করা যাবে না।

১০. মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষার্থীদের অভিভাবকের নিকট থেকে সীমিত পরিমাণে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা ফি নেয়া যেতে পারে।

১১. মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য মূল্যায়ন নির্দেশনা মূল্যায়ন কার্যক্রম শুরুর পূর্বের দিন নৈপুণ্য অ্যাপের প্রতিষ্ঠান ড্যাসবোর্ড (master.noipunno.gov.bd) এবং সংশ্লিষ্ট অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে। বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশনা মূল্যায়ন কার্যক্রমের সময়সূচি অনুসারে নির্ধারিত দিনের পূর্বের দিন পাওয়া যাবে।

১২. মূল্যায়ন নির্দেশনায় শিক্ষকের জন্য করণীয়, শিক্ষার্থীদের জন্য করণীয়, মূল্যায়ন পত্র, শিক্ষকের জন্য পর্যবেক্ষণ চেক লিস্ট এবং মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য বিষয়ভিত্তিক উপকরণের বিবরণ থাকবে।

১৩. ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা শেষে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার রেকর্ডের ভিত্তিতে নৈপুন্য অ্যাপে পারদর্শিতার নির্দেশক (পিআই) নির্দিষ্ট সময়ের মধ্যে ইনপুট দিতে হবে।

12/06/2024

Moss Nazma Akhte
Secretary
National Curriculum and Textbook Boar
Ministry of Education

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd


## ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন'২০২৪ এর জন্য

## নির্ধারিত শিখন অভিজ্ঞতা সংক্রান্ত নির্দেশনা

সুপ্রিয় শিক্ষকবৃন্দ,

ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন আগামী জুলাই মাসে শুরু হতে যাচ্ছে। দৈবচয়নের ভিত্তিতে সারা দেশের নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিভিন্ন বিষয়ে শ্রেণি কার্যক্রম সম্পন্ন করার তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত তথ্যের আলোকে অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান যে পর্যন্ত শিখন কার্যক্রম সম্পন্ন করেছে সেই পর্যন্ত অভিজ্ঞতাগুলোকে বিবেচনা করে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা হবে।
ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য ষষ্ঠ থেকে নবম শ্রেণির সকল বিষয়ের নির্ধারিত অংশ:

| | বিষয় | ষষ্ঠ | সপ্তম | অষ্টম | নবম |
|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬১ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭১ পৃষ্ঠা পর্যন্ত পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১০২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৯৯ পৃষ্ঠা পর্যন্ত |
| ০২ | ইংরেজি | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬০ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে পৃষ্ঠা ৬৬ পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৭ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৩ | গণিত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১৩৭ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১২৪ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১২৪ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১১২ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৪ | বিজ্ঞান | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৫ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৩৬ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৫ | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৪ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৩ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৬ | ডিজিটাল প্রযুক্তি | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৬ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬০ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৫ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭০ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৭ | জীবন ও জীবিকা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৬ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৯ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৯০ পৃষ্ঠা পর্যন্ত |

সচিব, এনসিটিবি

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৮ | স্বাস্থ্য সুরক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭১ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭০ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৮ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৯ | শিল্প ও সংস্কৃতি | পাঠ্যপুস্তকের শুরু থেকে ২৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪৪ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৯ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪২ পৃষ্ঠা পর্যন্ত |
| ১০ | ইসলাম শিক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫০ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৫ পৃষ্ঠা পর্যন্ত |
| ১১ | হিন্দুধর্ম শিক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৬ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৯ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৪ পৃষ্ঠা পর্যন্ত |
| ১২ | খ্রীষ্টধর্ম শিক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪১ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৩৮ পৃষ্ঠা পর্যন্ত |
| ১৩ | বৌদ্ধধর্ম শিক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৩৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪৯ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৬ পৃষ্ঠা পর্যন্ত |

আগামী ১২, জুন ২০২৪ পর্যন্ত শ্রেণি কার্যক্রম চলাকালীন এই অভিজ্ঞতাগুলো শেষ করবেন বলে আশা করা হচ্ছে। যেহেতু ১২ই জুনের পরে ছুটির কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে, বন্ধের আগে যদি ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য নির্ধারিত কোনো অভিজ্ঞতা সম্পন্ন করা সম্ভব না হয় সেক্ষেত্রে বিকল্প উপায় অবলম্বন করুন।

**বিকল্প উপায়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের সময়ে অভিজ্ঞতা সম্পন্ন করার দিকনির্দেশনা**

- বন্ধের পূর্বেই শিক্ষার্থীকে বন্ধে করনীয় অভিজ্ঞতাটির ধাপগুলো কী কী তা সহজ ভাষায় বুঝিয়ে দিন।
- শিক্ষার্থীর বিকল্প কোন কোন কাজ পর্যবেক্ষণ করে তার পারদর্শিতা যাচাই করবেন তা জানিয়ে দিন।
- কোথাও দলগত কাজ, পর্যবেক্ষণ, তথ্য সংগ্রহ ইত্যাদি কাজ থাকলে তা বিকল্প উপায়ে (উদাহরণস্বরূপ, দলগত কাজের বদলে একক কাজ, পরিবারের সদস্যদের থেকে তথ্য সংগ্রহ, পর্যবেক্ষণের কাজটি বাড়ির আশেপাশের পরিবেশ থেকে বা ভিডিও দেখে বা ডকুমেন্ট পড়ে সম্পন্ন করা যেতে পারে) কাজটি সম্পন্ন করার কৌশল বলে দিন।
- কাজ শেষে সক্রিয় পরীক্ষণের বদলে শিক্ষার্থী কী এ্যাসাইনমেন্ট জমা দিবে তার ধারণা এবং জমা দেবার সময় নির্ধারণ করে দিন।
- প্রয়োজনে অনলাইন ক্লাস করে, অভিভাবকদের সামাজিক যোগাযোগমাধ্যম গ্রুপে, মোবাইল গ্রুপে নির্দেশনা প্রদান করে শিক্ষার্থীদের বাড়িতে বসে কাজ পর্যবেক্ষণ করুন এবং ফিডব্যাক প্রদান করুন।

সচিব, এনসিটিবি